

শরী'আহ সুপারভাইজরী কমিটি-এর বার্ষিক প্রতিবেদন

(৩১ ডিসেম্বর, ২০২৫ ঈসায়ী তারিখে সমাপ্ত বছরের জন্য)

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক পিএলসি.-এর সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ !

السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ

আলহামদুলিল্লাহ! আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ ব্যাংকের শরী'আহ সুপারভাইজরী কমিটি প্রদত্ত দিক নির্দেশনা, সিদ্ধান্ত এবং সুনির্দিষ্ট ফতওয়াসমূহ ও শরী'আহর বিধিবিধান যথাযথভাবে বাস্তবায়ন করেছে কিনা সে সম্পর্কে মতামত প্রকাশের জন্য আমরা পর্যালোচনায় মিলিত হয়েছি।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক পিএলসি-এর ব্যাংকিং কার্যক্রমের ক্ষেত্রে ইসলামী শরী'আহর নীতিমালা মোতাবেক সার্বিক ব্যবসা-বাণিজ্য পরিচালনার দায়িত্ব মূলত ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের। শরী'আহ সুপারভাইজরী কমিটির দায়িত্ব হচ্ছে ব্যাংকের কার্যবলী পরিচালনায় শরী'আহসম্মত দিকনির্দেশনা ও সিদ্ধান্ত প্রদান এবং তার ভিত্তিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যাংকে তাদের যাবতীয় কার্যক্রম পরিচালনা করছে কি না-তা যাচাইকরণে পর্যালোচনাপূর্বক একটি স্বাধীন মতামত আপনাদের নিকট উপস্থাপন করা।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক পিএলসি.-এর শরী'আহ সুপারভাইজরী কমিটি কর্তৃক বিগত ২০২৫ ঈসায়ী বছর, ১৪৪৬-১৪৪৭ হিজরীতে প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগসহ ব্যাংকের সকল শাখায় অনুসৃত সকল ধরনের বিনিয়োগ কার্যক্রম পর্যবেক্ষণ, সংশ্লিষ্ট নথিপত্র এবং লেনদেন যাচাই-বাছাইপূর্বক ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক উপস্থাপিত বার্ষিক ব্যালেন্সশীট পর্যালোচনা করে নিম্নোক্ত অভিমত ও পরামর্শ প্রদান করছে :

অভিমত

- বিগত অর্থবছরে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক পিএলসি. কর্তৃক ব্যাংকিং কার্যক্রমে অনুসৃত ও পরিচালিত যাবতীয় কার্যবলী, লেনদেন এবং চুক্তিসমূহ, আমরা যা পর্যালোচনা করেছি, তা শরী'আহর নীতিমালা অনুযায়ী করা হয়েছে;
- ব্যাংকের বিভিন্ন শ্রেণীর মুদারাবা ডিপোজিটরদের মাঝে যে লাভ বন্টন করা হয়েছে, তা শরী'আহর মুদারাবা নীতিমালার ভিত্তিতে সাহিবুল মাল তথা ডিপোজিটরদের ও মুদারিব হিসেবে ব্যাংকের সাথে চুক্তি মোতাবেক করা হয়েছে;
- আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক পিএলসি ডিপোজিটর ও শেয়ারহোল্ডারদের একাউন্ট এবং ডিপোজিটর কোন টাকার উপর যাকাত প্রদান করে না। তাই ডিপোজিট ও শেয়ারের টাকার উপর যাকাত প্রযোজ্য হলে তা প্রদান করা যথাক্রমে ডিপোজিটর ও শেয়ারহোল্ডারদের নিজ নিজ দায়িত্ব;
- কেন্দ্রীয় ও আন্তর্জাতিক ব্যাংকের বিধিগত বাধ্যবাধকতা এবং ব্যাংকের বিভিন্ন শাখায় বিনিয়োগকালীন কিছু অসতর্কতার ফলে অর্জিত সুদ ও সন্দেহজনক আয় (Doubtful Income) সতর্কভাবে চিহ্নিত করা হয়েছে এবং উক্ত অর্থ যাতে ডিপোজিটর ও শেয়ারহোল্ডারদের মাঝে লভ্যাংশ হিসেবে বন্টিত না হয় সে জন্য ব্যাংকের মূল আয় থেকে তা পৃথক করে শরী'আহ নির্ধারিত পন্থায় খরচের জন্য সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

পরামর্শ

- বাই-মুরাবাহা ও বাই-মুয়াজ্জাল বিনিয়োগে পণ্য ক্রয়-বিক্রয়ের বিষয়টি নিশ্চিতকরণ এবং ডিপোজিট সংক্রান্ত ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সাকুলার ইস্যুতে শাখা ব্যবস্থাপকগণ যাতে শরী'আহ পরিপালনে উদ্বুদ্ধ হতে পারেন সে ব্যাপারে অধিকতর সতর্কতা অবলম্বন করা;
- মুদারাবা ও মুশারাকা তথা ব্যাংক ও গ্রাহকের মধ্যে অংশীদারিত্বমূলক বিনিয়োগ কার্যক্রম চালু করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- দেশের অপেক্ষাকৃত দরিদ্র গ্রাহকদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে শরী'আহ নীতিমালার আলোকে ক্ষুদ্র বিনিয়োগ প্রকল্প জোরদার করার ব্যবস্থা গ্রহণ করা;
- ব্যাংকের সর্বস্তরের জনশক্তি, ডিপোজিটর ও বিনিয়োগ গ্রাহককে ইসলামী ব্যাংকিং বিষয়ে প্রশিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যে ইসলামী ব্যাংকিং কার্যক্রম ও মুয়ামলাত বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক ফাউন্ডেশনের মাধ্যমে দেশের দরিদ্র জনগোষ্ঠীর মাঝে সম্ভবপর জনকল্যাণমূলক কার্যক্রম জোরদার করা;
- ব্যাংকের সর্বস্তরের সকলকে সর্বদা মনে রাখা একান্ত জরুরী যে, শরী'আহ নীতিমালা পরিপালনে ইসলামী ব্যাংকিং-এর ক্ষেত্রে সবাই নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল। এই দায়িত্ব পালনে প্রত্যেককে আল্লাহর নিকট জবাবদিহী করতে হবে। তাই আমাদের সবাইকে সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে হবে।

আল্লাহ তা'আলা আমাদের জানা-অজানা ভুল-ত্রুটিগুলো ক্ষমা করে যাবতীয় ভাল কাজ একমাত্র তাঁর সন্তুষ্টির জন্য কবুল করুন। ভবিষ্যতে আল্লাহ তা'আলাকে স্মরণ করে ও তাকুওয়া অবলম্বনের মাধ্যমে আমাদেরকে দেশ ও জাতির জন্য আরো বেশী শরী'আহসম্মত ব্যাংকিং কার্যক্রম ও অর্থনৈতিক কল্যাণমূলক কাজ করার তাওফীক দান করুন, আমীন।

السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ



(ড. মুহাম্মদ রশিদ আমিন রব্বানী)

সদস্য

শরী'আহ সুপারভাইজরী কমিটি



(ড. হাফিজ মুজতাবা রিজ্বী আহমাদ)

সদস্য

শরী'আহ সুপারভাইজরী কমিটি



(মুফতী আবুল কাশেম মোহাম্মদ ফজলুল হক)

সদস্য


শরী'আহ সুপারভাইজরী কমিটি



(মোঃ কবির আহমদ)

ইভিপি ও সচিব (অবপ্রাণ্ড)

শরী'আহ সুপারভাইজরী কমিটি



(প্রফেসর ড. আবু নোমান মোঃ রফিকুর রহমান)

চেয়ারম্যান

শরী'আহ সুপারভাইজরী কমিটি।